

# ইত্তেফাক

**এইচএসসি পরীক্ষা**

## নকল ধরার অপরাধে শিক্ষক লাঞ্চিত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল প্রবিবার সারাদেশে এইচ এস সি বাংলা প্রথম পত্রের পরীক্ষা মোটামুটি নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হয়। তবে দেশের কয়েকটি স্থানে পরীক্ষায় নকল ধরার অপরাধে কঠোরতম শিক্ষক লাঞ্চিত হয়েছেন। প্রচণ্ড দাবদাহের কারণে গতকালও দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীরা দুর্ভোগের শিকার হয়। প্রচণ্ড গরমে মীর্জাপুর ও শেরপুরে পৃথক দুটি পরীক্ষা কেন্দ্রে ৩ জন পরীক্ষার্থী সংজ্ঞাহীন (২য় পৃঃ ৫-এর কঃ ৫৪)

**এইচএসসি পরীক্ষা**  
(প্রথম পৃঃ পর)

হয়ে পড়ে। গতকালও বিভিন্ন কেন্দ্রে পরীক্ষার প্রশ্নপত্র বিতরণের কেন্দ্রে দুটি কেন্দ্রে বিশৃঙ্খলা দেখা দেয়। সরিষাবাড়ী রিয়াজ উদ্দিন জামকদার ডিগ্রী কলেজ কেন্দ্রে গতকাল ভুলবশতঃ কাকিগিরি শিক্ষা বোর্ডের ১৯৯৯ সালের বাংলা প্রথম পত্র পরীক্ষার প্রশ্নপত্র বিতরণ করা হয়। পরে তদ্বিষয়ে মূল প্রশ্নপত্র সংগ্রহ করে ১০ মিনিট পর পরীক্ষা শুরু করা হয়। ইত্তেফাকের সংবাদমাতাঙ্গণ ও বিভিন্ন সূত্র জানায়, দেশের অনেক স্থানে পরীক্ষার হলে গোপন সমঝোতায় পরীক্ষার্থীদেরকে নকলের সুযোগ দেয়া হচ্ছে। ন্যায়-নিষ্ঠাবান শিক্ষক-পিকিকার্বন্দ নকল ধরতে গিয়ে অধিকাংশ কেন্দ্রে লাঞ্চার শিকার হচ্ছেন।

শেরপুর সংবাদমাতা ॥ নকল ধরার অপরাধে নকলা উপজেলায় বহিষ্কৃত ছাত্রেরা এক পরিদর্শকের বাসায় হামলা চাঞ্চিয়ে গৃহ পরিচারিকাকে আহত ও বাসা ভাঙুর করে। শনিবার ইংরেজী দ্বিতীয় পত্র পরীক্ষা চলাকালে অসদুপায় অবলম্বনের দায়ে নকলা জৌধুরী ছবকননেছা মহিলা কলেজ কেন্দ্রে হতে লুৎফর রহমান, সাদেকুজ্জামান, হুয়েল ও সাব্বাওয়াত হোসেনকে পরিদর্শক প্রত্যক্ষক মোজাম্মেল হক বহিষ্কার করেন। এই জের হিসাবে বহিষ্কৃতরা তার বাসায় হামলা চাঞ্চায়।